মুজিবনগরে বিশেষ স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা মূলক ক্যাম্পেইন

মুজিবনগরে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপি’র আয়োজনে, বিশেষ স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা মূলক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বেলা ১০ থেকে সারা দিন এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতেই সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হয়, যেখানে উপস্থিত ছিলেন সিডিপির হেলথ অফিসার, মেডিকেল অফিসার ও এডমিন অফিসার।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ডা. সুরাইয়া শারমিন পুষ্প এবং মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ও সহকারী অধ্যাপক (ট্রান্সফিউশন মেডিসিন) ডা. এম এম জাহিদুল ইসলাম।

সচেতনতামূলক কার্যক্রম শেষে চিকিৎসক রোগী দেখা শুরু করেন এবং স্বল্পমূল্যে চিকিৎসা সেবা প্রদান করেন। একই সঙ্গে কমিউনিটির মধ্যে স্বল্প মূল্যে নিউট্রিশন প্যাকেজ (আটা ৩ কেজি, ডাল ১ কেজি, চিনি ২ কেজি, বাটার বাইট বিস্কুট ১ প্যাকেট এবং রিন ওয়াশিং পাউডার ২ কেজি) ৪৫০ জন পরিবারের মাঝে বিতরণ করান।

এই ক্যাম্পেইনের মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে। প্রায় শতাধিক রোগী স্বল্প মূল্যে চিকিৎসা সেবা গ্রহণের সুযোগ পেয়েছেন। এছাড়া, ৪৫০ পরিবারের মধ্যে পুষ্টিকর খাবার সরবরাহ করা হয়েছে, যা পরিবারগুলোর পুষ্টি চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ ধরনের কার্যক্রমের ফলে পুষ্টিহীন শিশু ও পরিবারের জন্য সহায়ক পরিবেশ তৈরি হয়েছে এবং কমিউনিটিতে ইতিবাচক পরিবর্তনের ধারা সূচিত হয়েছে।

মেহেরপুরে দিনব্যাপী আউটরিচ ক্যাম্পেইন

অ্যাসেট প্রকল্পের আওতায় কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের আয়োজনে আউটরিচ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাস থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি কলেজ মোড় ও আমঝুপি নীলকুঠি ও বাজার এলাকায় গান ও প্রচারণার মাধ্যমে সাধারণ মানুষকে কারিগরি শিক্ষার তাৎপর্য ও ভবিষ্যৎ সম্ভাবনা তুলে ধরা হয়।

আউটরিচ ক্যাম্পেইন ২০২৫-এর শুভ উদ্বোধন ঘোষণা করেন প্রতিষ্ঠানটির অধ্যক্ষ আব্দুল লতিফ মিয়া। উদ্বোধনী অনুষ্ঠানে চিফ ইন্সট্রাক্টর (ফার্ম) প্রকৌশলী শফি উদ্দিন, চিফ ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) মোক্তার হোসেন মীর, ইন্সট্রাক্টর (অ্যাপারেল) মিনারুল ইসলামসহ সকল শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পরে কলেজ ক্যাম্পাসে ফিরে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ বিষয়ে বিভিন্ন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনব্যাপী আউটরিচ ক্যাম্পেইনের সমাপ্তি ঘটে।

মুজিবনগরে শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার বিকেলে মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ে এই শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে ক্যাম্পেইন অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সিরাজুল ইসলাম, শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে আমন্ত্রিত অতিথিবৃন্দ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে শিশু অধিকার, বাল্যবিবাহ, শিশুশ্রম, নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকার সুফল, ছাত্র-ছাত্রীদের পড়াশোনায় মনোযোগী হওয়া উপদেশ মূলক গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন।

আলোচনা শেষে সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত থেকে সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় এর ৩৬৫ জন ছাত্র ছাত্রী এবং শিক্ষক শিক্ষিকা বৃন্দ উপস্থিত ছিলেন।

ইসরাইলি পণ্য বয়কটে ঝিনাইদহে ক্যাম্পেইন

ইসরাইলি সকল পণ্য বয়কটে ঝিনাইদহ সদর উপজেলার ৭ নং মহারাজপুর ইউনিয়নের সকল মুসলিম নাগরিকের পক্ষে বিষয়খালী বাজারে বিশেষ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বাদ মাগরিব বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজ গেট থেকে এ বিশেষ ক্যাম্পেইন এশার আজান পর্যন্ত চালানো হয়। সেসময় বাজারের সকল ব্যবসায়ীদেরকে ইসরাইলি পণ্য বিক্রি না করার জন্য বিশেষ ভাবে আহ্বান করা হয়।

বিশেষ ক্যাম্পেইনে উপস্থিত ছিলেন বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজের ধর্মীয় শিক্ষক মাওলানা শাহ মোহাম্মদ এনামুল হক ফয়েজী, বিশিষ্ট ব্যবসায়ী মাজেদুল ইসলাম মাজু, বিষয়খালী বাজার

কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা আনিছুর রহমান, মিঞা অটো রাইস মিলের স্বত্বাধিকারী সাজেদুল ইসলাম সাজু মিঞা, সাংবাদিক বসির আহাম্মেদ, হাফেজ মাওলানা মুফতি আল-মামুন, ব্যবসায়ী দবির আলীসহ অসংখ্য ইউনিয়নের মুসলিম নাগরিকবৃন্দ।

ব্যবসায়ীদের উদ্দেশ্যে নেতৃবৃন্দ বলেন, দখলদার ইসরাইল নির্বিচারে ফিলিস্তিনের মুসলমানদের ওপর গণহত্যা চালাচ্ছে। বিশ্ব বিবেক আজ স্তব্ধ। বিশ্ব মুসলমান নেতৃত্ব কোনো ভূমিকা রাখছে না। ইসরাইলকে রুখতে প্রয়োজনে মার্কিন ও ইসরাইলের উৎপাদিত সকল পণ্য বয়কট করতে হবে।

আরও বলেন, প্রতিবাদের ভাষা হবে সংযত। সংঘাত সৃষ্টি করে প্রতিবাদ করার চেয়ে আমরা ইসরাইল ও মার্কিনী সকল পণ্য বয়কট করব। ইসরাইলের সন্ত্রাসী কর্মকান্ড রুখতে মুসলিম বিশ্বকে ঐক্যবদ্ধ হতে হবে।

ঝিনাইদহে পরিছন্নতা অভিযান ও গ্রীন স্কুল ক্যাম্পেইন

“এসো দেশ বদলায়, পৃথিবী বদলাই” এ শ্লোগানে ঝিনাইদহ সদর উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে প্রাণবন্ত তারুণ্যের উৎসব পরিছন্নতা অভিযান ও গ্রীন স্কুল ক্যাম্পেইন।

বৃহস্পতিবার সকালে এ উৎসবে উপজেলার বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তা-কর্মচারী, রেড ক্রিসেন্ট সোসাইটি, স্কাউটস ও শহরের একাধিক স্কুলের ছাত্র- ছাত্রী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে বেলুন উড়িয়ে শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ সাইফুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, সদর উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবী, উপজেরা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিসার মিথিলা ইসলাম, বৈষম্য বিরোধী আন্দোলনের যুগ্ম

আহবায়ক মনির হোসেন, শিক্ষক প্রতিনিধি মাওলানা তরিকুল ইসলাম, ঝিনাইদহ পৌরসভার সহকারী প্রকৌশলী মুন্সি মোঃ আবু জাফর প্রমুখ।

অনুষ্ঠানে এক সংক্ষিপ্ত বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল বলেন, পরিস্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। নিজের চারপাশ নিজেদের দ্বায়িত্বে যদি পরিস্কার রাখা যায় তাহলে নিজেরদের আঙ্গিনা, শহর, বাজার কখনোই অপরিস্কার হবে না। তাই সবার আগে নিজের আঙ্গিনাকে পরিস্কার রাখতে সকলে প্রতি আহবান জানান। অনুষ্ঠান শেষে শহরের বিভিন্ন সড়কে পরিছন্নতা অভিযান ও বর্ণাঢ্য র্যালি বের হয়। পরে র্যালিটি ঝিনাইদহ সরকারি বালক বিদ্যালয় গিয়ে শেষ হয়।

মেহেরপুরে ট্রাফিক পুলিশের সচেতনতা মূলক ক্যাম্পেইন

“আইন মেনে চালাবো গাড়ি, নিরাপদে ফিরবো বাড়ি” এই প্রতিপাদ্যে সড়ক দুর্ঘটনা প্রতিরোধ এবং জনসাধারণকে হেলমেট ব্যবহারে উদ্বুদ্ধকরণে মেহেরপুরে লিফলেট ও হেলমেট করেছে ট্রাফিক পুলিশ।

মেহেরপুর জেলা ট্রাফিক বিভাগের আয়োজনে আজ বুধবার (৩০ অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর শহরের কলেজ মোড়ে এ উদ্বুদ্ধকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে লিফলেট ও হেলমেট বিতরণ করেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম।

এ সময় তিনি মোটরসাইকেল চালকদের ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ির বৈধ কাগজপত্র পরীক্ষা করেন এবং তাদেরকে বিনামূল্যে হেলমেট দেন।

এসময় তিনি জনসাধারণকে বলেন, মোটরসাইকেল যাত্রী যারা হেলমেট ছাড়া রাস্তায় চলাচল করে তাদের দুর্ঘটনায় মৃত্যুর ঝুঁকি অনেক বেশি থাকে। হেলমেট পরিধান করলে এই মৃত্যু ঝুঁকি অনেকটা হ্রাস পাবে।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ কামরুল আহসান,

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনা, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, সাংবাদিক রফিকুল আলম প্রমুখ বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, মোঃ আব্দুল হান্নান, ট্রাফিক সাব ইন্সপেক্টর মোঃ মেহেদী হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের শুভ উদ্বোধন

জাতীয় এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২০২৪ শুভ উদ্বোধন এক ডোজ এইচপিভি জরায়ুমুখ ক্যান্সার রুখে দিন আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকাল ৯ টার সময় মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হল রুমে জাতীয় এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২০২৪ শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মহী উদ্দিন আহমেদ সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ পরিদর্শক বজলুর রহমান,

সহকারী কমিশনার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবির হোসেন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মেডিকেল অফিসার ডাঃ ইনজামুল হক, ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীর, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফজলুল হক প্রমুখ।

মুজিবনগর শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামে আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর প্রাঙ্গণে ছাত্র-ছাত্রীদের মাঝে শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন ও সচেতন মুল্যক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠানে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশু অধিকার বিষয়ক ছাত্র-ছাত্রীদের সচেতন করেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

গুডনেবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার(প্রোগ্রাম) রিফাত আল মাহমুদের সঞ্চালনায এ সময় উপস্থিত ছিলেন শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর সালাম ও সহকারী প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম।

আলোচনা শেষে অনুষ্ঠানের সভাপতি আজিজুল হক কমিটির ঘোষণা করেন।

মুজিবনগরে শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে অনুষ্ঠিত শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে সিডিপি ম্যানেজার সূব্রত টুডু এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

গুডনেইবারর্স শিশু পরিষদের সভাপতি রোকেয়া খাতুন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুডনেইবারর্স এর সিনিয়র কর্মকর্তা এস এম রিফাত আল মাহমুদ, সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন।

শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠানে শিশুশ্রম ও বাল্যবিবাহের কুফল এবং প্রতিরোধের উপায় এবং শিশুশ্রম ও বাল্যবিবাহ প্রতিরোধে সরকারের পদক্ষেপসমূহের উপরে অতিথিরা বিস্তারিত আলোচনা করেন। শিশু অধিকার বিষয়ক ক্যাম্পেইনে উপজেলা ৭০ জন শিশু এবং ৩০ জন মা অংশগ্রহণ করে।

দর্শনায় ভিটামিন-এ ক্যাপসুল ক্যাম্পেইনের উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনায় শিশুদের ভিটামিন এ ক্যাপসুল ক্যাম্পেইন এর উদ্বোধন করলেন পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু। গতকাল মঙ্গলবার সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

জানাগেছে, দর্শনা পৌরসভার ৯টি ওয়ার্ডে মোট ২৮টি টিকাদান

কেন্দ্রে ৬মাস থেকে ১১মাস পর্যন্ত ৪,৬৯ জন শিশুর ও ১বছর থেকে ৬ বছর পর্যন্ত ৩,২৬৬ জন শিশুকে এ ক্যাপসুল খাওয়ানো হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা কেরু এন্ড কোম্পানির শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, সাধারণ সম্পাদক পদপ্রার্থী ও ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এবং সাবেক কাউন্সিলর জয়নাল আবেদীন নফর, পৌরসভার ১ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান খালেকুজ্জামান, ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নেফাউর রহমান, পৌরসভার টিকাদান সুপারভাইজার আব্দুল মজিদ, দর্শনা রিক্সা-ভ্যান চালক ইউনিয়নের সভাপতি হবা জোয়ার্দার সহ এলাকার স্থানীয় ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।